

## সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ৫১৫৩

७१/ वित्र () ( کتاب النکاح)

পরিচ্ছেদঃ ৬৭/৫৫. বরের জন্য সুফ্রা হলুদ রঙের সুগন্ধি ব্যবহার করা

بَابِ الصُّفْرَةِ لِلْمُتَزَوِّج

## আরবী

عَبْدُ اللهِ بْنُ يُوسُفَ أَخْبَرَنَا مَالِكٌ عَنْ حُمَيْدِ الطَّويلِ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ عَبْدَ الرَّحْمٰنِ بْنَ عَوْفٍ جَاءَ إِلَى رَسُوْلِ اللهِ صلى الله عليه وسلم وَبِه, أَثَرُ صنُفْرَةٍ فَسَأَلَه" رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم وَبِه, أَثَرُ صنُفْرَةٍ فَسَأَلَه" رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم فَأَخْبَرَه" أَنَّه" تَزَوَّجَ امْرَأَةً مِنَا لأَنْصَارِ قَالَ كَمْ سُقْتَ إِلَيْهَا قَالَ زِنَةَ نَوَاةٍ مِنْ ذَهَبٍ قَالَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم أَوْلِمْ وَلَوْ بِشَاةٍ.

বাংলা

رَوَاه" عَبْدُ الرَّحْمٰنِ بْنُ عَوْفٍ عَنْ النَّبِيِّ صلى الله عليه وسلم.

'আবদুর রহমান ইন্দু 'আওফ (রাঃ) নবীসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামথেকে বর্ণনা করেছেন।

৫১৫৩. আনাস ইবনু মালিক (রাঃ) হতে বর্ণিত যে, 'আবদুর রহমান ইবনু 'আওফ (রাঃ) রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর নিকটে এমন অবস্থায় এলেন যে, তার সুফরার (হলুদ রং) চিহ্ন ছিল। রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে চিহ্ন সম্পর্কে প্রশ্ন করলেন। 'আবদুর রাহমান ইবনু 'আওফ (রাঃ) তার উত্তরে বললেন, তিনি এক আনসারী নারীকে বিয়ে করেছেন। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞেস করলেন, তুমি তাকে কী পরিমাণ মাহর দিয়েছ? তিনি বললেন, আমি তাকে খেজুরের আঁটি পরিমাণ স্বর্ণ দিয়েছি। নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, ওয়ালীমার ব্যবস্থা কর একটি বকরী দিয়ে হলেও। [২০৪৯; মুসলিম ১৬/১২, হাঃ ১৪২৭, আহমাদ ১৩৩৬৯](আধুনিক প্রকাশনী- ৪৭৭৩, ইসলামিক ফাউন্ডেশন- ৪৭৭৬)

## **English**

Narrated Anas bin Malik:



`Abdur-Rahman bin `Auf came to Allah's Messenger (ﷺ) and he had marks of Sufra (yellow perfume). Allah's Messenger (ﷺ) asked him (about those marks). `AbdurRahman bin `Auf told him that he had married a woman from the Ansar. The Prophet (ﷺ) asked, "How much Mahr did you pay her?" He said, "I paid gold equal to the weight of a date stone." Allah's Messenger (ﷺ) said to him, "Give a wedding banquet, even if with one sheep."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন